

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫২২

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৩৩. কুরআন খতম করা সম্পর্কে

باب فِي خَتْمِ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حُمَيْدٍ حَدَّثَنَا هَارُونُ عَنْ عَنْبَسَةً عَنْ لَيْتٍ عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفٍ عَنْ مُصَعْبِ بْنِ سَعْدٍ عَنْ سَعْدٍ قَالَ إِذَا وَافَقَ خَتْمُ الْقُرْآنِ أَوَّلَ اللَّيْلِ صَلَّتْ عَلَيْهِ الْمَلَائِكَةُ حَتَّى يُمْسِيَ فَرُبَّمَا بَقِي حَتَّى يُصْبِحَ وَإِنْ وَافَقَ خَتْمُ أَخِرَ اللَّيْلِ صَلَّتْ عَلَيْهِ الْمَلَائِكَةُ حَتَّى يُمْسِيَ فَرُبَّمَا بَقِي عَلَى أَحْدِنَا الشَّيْءُ فَيُؤَخِّرَهُ حَتَّى يُمْسِيَ أَوْ يُصْبِحَ قَالَ أَبُو مُحَمَّد هَذَا حَسَنٌ عَنْ سَعْدٍ عَلَى أَحْدِنَا الشَّيْءُ فَيُؤَخِّرَهُ حَتَّى يُمْسِيَ أَوْ يُصْبِحَ قَالَ أَبُو مُحَمَّد هَذَا حَسَنٌ عَنْ سَعْدٍ

বাংলা

৩৫২২. মুসআব ইবনু সা'দ হতে বর্ণিত, সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, কোন লোক রাতের প্রথমভাগে (সন্ধ্যায়) কুরআন খতম করলে সকাল পর্যন্ত মালাইকা (ফিরিশতা)-গণ তার জন্য রহমতের দু'আ করতে থাকে। আর রাতের শেষ ভাগে কুরআন খতম (শেষ) করলে সন্ধ্যা পর্যন্ত মালাইকা (ফিরিশতা)-গণ তার জন্য রহমতের দু'আ করতে থাকে। ফলে কখনো কখনো আমাদের মধ্যকার কারো (খতম করতে) কিছু অংশ বাকী থাকলে আমরা তা সন্ধ্যা পর্যন্ত পিছিয়ে দিতাম কিংবা সকাল পর্যন্ত।[1]আবৃ মুহাম্মদ বলেন, সা'দ হতে এ হাদীসটি হাসান।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, লাইছের দুর্বলতার কারণে। আর এটি মুজাহিদের উপর মাওকুফ।

তাখরীজ: এটি আমি আর কোথাও পাইনি।

তবে নববী, হিলইয়াতুল আবরার পৃ: ১৮৩ তে একে দারেমীর প্রতি সম্বোদ্ধিত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুস'আব ইবনু সা'দ (রহ.)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 83807$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন